



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৪ মে ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

অংসিলা মারমা নিহতের ঘটনায় ইউপিডিএফকে জড়ানো ষড়যন্ত্রেরই অংশ

খাগড়াছড়ির লক্ষ্মীছড়িতে গত ২২ মে অজ্ঞাতদের হামলায় অংসিলা মারমা নামে এক যুবক নিহতের ঘটনায় ইউপিডিএফকে জড়ানো সরকারের সুগভীর ষড়যন্ত্রেরই অংশ উল্লেখ করে এর প্রতিবাদ জানিয়েছে ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

ইউপিডিএফ-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সমন্বয়ক প্রদীপন খীসা আজ ২৪ মে রবিবার সংবাদ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে অংসিলা মারমা নিহত হওয়ার ঘটনা তদন্তের দাবি জানিয়ে বলেন, অংসিলা মারমা নিহতের ঘটনা কোন প্রকার তদন্ত ছাড়াই উদ্দেশ্যপ্রণোদিতভাবে ইউপিডিএফকে দায়ী করা অত্যন্ত দুঃখজনক। এটা ইউপিডিএফের বিরুদ্ধে সরকারের সুগভীর ষড়যন্ত্রেরই অংশ। এ ঘটনার সাথে ইউপিডিএফের কোন সংশ্লিষ্টাই নেই।

বিবৃতিতে প্রদীপন খীসা আরো বলেন, ইউপিডিএফ পার্বত্য চট্টগ্রামের নিপীড়িত-নির্যাতিত জনগণের অধিকার প্রতিষ্ঠার জন্য লড়াই সংগ্রাম চালিয়ে যাচ্ছে। ইউপিডিএফের এই ন্যায়সঙ্গত আন্দোলনে বাধা সৃষ্টি করতে সরকার ও পার্বত্য চট্টগ্রামের একটি শক্তিশালী মহল নানা ষড়যন্ত্র অব্যাহত রেখেছে। এরই অংশ হিসেবে অংসিলা মারমা নিহত হওয়ার ঘটনাকে পুঁজি করে পাহাড়িদের মধ্যকার একটি সুবিধাবাদী অংশকে ইউপিডিএফের বিরুদ্ধে লেলিয়ে দিয়ে ফায়দা লুটার চেষ্টা করছে।

বিবৃতিতে তিনি জনগণকে সতর্ক করে দিয়ে বলেন, শাসকচক্র 'ভাগ করে শাসন করার' নীতি প্রয়োগের মাধ্যমে পাহাড়িদের মধ্যকার আন্তঃসাম্প্রদায়িক বিভেদ জিইয়ে রাখতে চায়। তাই সরকার ও শক্তিশালী মহলটির পাতানো ফাঁদে পা না দিয়ে সকল সরকারী ষড়যন্ত্রের বিরুদ্ধে সজাগ ও সতর্ক থাকতে তিনি সকলের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।